

সমকাল

স্টেট ইউনিভার্সিটির সমাবর্তনে শিক্ষামন্ত্রী প্রচলিত শিক্ষায় আধুনিক দেশ গড়া সম্ভব নয়

১১ মে ২০১৮

সমকাল প্রতিবেদক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম ইসলাম নাহিদ বলেছেন, নতুন প্রজন্মকে আধুনিক বাংলাদেশের নির্মাতা হিসেবে প্রস্তুত করতে হবে।

কিন্তু প্রচলিত ও গতানুগতিক শিক্ষায় তা সম্ভব নয়। যুগের সঙ্গে

সঙ্গতিপূর্ণ বিশ্বমানের শিক্ষা, জ্ঞান ও প্রযুক্তিতে দক্ষ, নৈতিক মূল্যবোধ এবং দেশপ্রেমে উদ্বুদ্ধ পরিপূর্ণ মানুষ

তৈরি করতে হবে। এ লক্ষ্যেই সরকার কাজ করছে।

বুধবার রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে স্টেট ইউনিভার্সিটির পঞ্চম সমাবর্তনে সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর মো. আবদুল হামিদের পক্ষে এতে সভাপতিত্ব করেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক আবদুল মান্নান। এবারের সমাবর্তন বক্তা ছিলেন বিশ্বসাহিত্য কেন্দ্রের প্রতিষ্ঠাতা অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ।

শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষার্থীদের জগ্জিবাদ ও মাদকাসক্তির কালো হাত থেকে রক্ষা করতে হবে। তিনি বলেন, কিছু বেসরকারি বিশ্ববিদ্যালয় এখনও তাদের শর্ত পূরণ করতে পারেনি। এভাবে বিশ্ববিদ্যালয়গুলো চলতে পারবে না।

সমাবর্তন বক্তা হিসেবে গ্র্যাজুয়েটদের উদ্দেশে অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ বলেন, 'নিজে সমৃদ্ধ হয়ে বৃক্ষের মতো স্থির হতে হবে। ফুলেফলে সুশোভিত হয়ে দেশের জন্য অবদান রাখতে হবে। সব মন্ত্রণালয়ের বরাদ্দ কমিয়ে ১০ শতাংশ করা আর শিক্ষা মন্ত্রণালয়ের বরাদ্দ বাড়িয়ে ৯০ শতাংশ করা উচিত বলে মত দেন এ শিক্ষাবিদ।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে

উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মো. সাঈদ সালাম, ট্রাস্টি বোর্ডের সভাপতি ডা. এ এম শামীম প্রমুখ।